# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ২৯. প্রেরিতদের লাঠি রাখার আদেশ ও নিষেধ!

যীশু যে বার জন শিষ্যকে প্রচারের জন্য প্রেরণ করেন তাদেরকে ইংরেজিতে 'apostle' বলা হয়। শব্দটার আভিধানিক অর্থ 'প্রেরণকৃত' বা 'প্রেরিত'। কেরির অনুবাদের তাদেরকে 'প্রেরিত' বলা হয়েছে। কিতাবুল মোকাদ্দসে তাদেরকে 'সাহাবী' বলা হয়েছে। যীশু তাঁদেরকে প্রেরণ করার সময় তাঁদের সাথে লাঠি রাখতে আদেশ করেছিলেন না নিষেধ করেছিলেন? ইঞ্জিলগুলের মধ্যে সাংঘর্ষিক বর্ণনা বিদ্যমান। মথি লেখেছেন যে, যীশু সাহাবীদেরকে সাথে লাঠি রাখতে নিষেধ করেন: "তোমাদের থলিতে সোনা বা রূপা বা ব্রোঞ্জ নিও না, এবং যাত্রার জন্য থলি বা দু'টি জামা বা জুতা বা লাঠি, এই সকলের আয়োজন করো না...।" (মথি ১০/৯-১০) লূকের বর্ণনাতেও নিষেধ বিদ্যমান: "তিনি তাঁদেরকে বললেন, পথের জন্য কিছুই নিও না, লাঠিও না, ঝুলিও না, খাদ্যও না, টাকাও না, দু'টা করে জামাও নিও না।" (লূক ৯/৩, মো.-১৩)

কিন্তু মার্কের বর্ণনা থেকে জানা যায় যে, তিনি সাহাবীদেরকে লাঠি সাথে রাখার নির্দেশ দেন: "তিনি তাদের হুকুম করলেন, তোমরা যাত্রার জন্য একটি করে লাঠি ছাড়া আর কিছু নিও না, রুটিও না, ঝুলিও না, থলিতে পয়সাও না; কিন্তু পায়ে জুতা দাও, আর দু'টো জামা গায়ে দিও না।" (মার্ক ৬/৮-৯, মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14025

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন